43
দৈনিক ইনকিলাব

তারিখ 18-DEC 1991
পৃষ্ঠা ৫ কলাম ৬

## চিঠিপত্র

### এসএসসি পরীক্ষার নমুনা প্রশ্ন

মাস কয়েক পূর্বেই মাধ্যমিক বোর্ড থেকে জানিয়ে দেয়া হয়েছে, বাজারে প্রচলিত নমুনা প্ররশ্নের বাছাইকৃত নির্দিষ্ট প্রশ্ন থেকেই ১৯৯২ সালের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র তৈরী করা হবে।

কর্তৃপক্ষের এ প্রশংসামূলক সিদ্ধান্তে ছাত্র-ছাত্রীরা অনেকটা হাফ ছেড়ে বাঁচলেন। কিছুদিনের মধ্যে একটি প্রকাশনী শুধু উক্ত বাছাইকৃত নমুনা প্রশ্ন নিয়ে সর্বাগ্রে টেস্ট পেপার হিসেবে বাজারে প্রকাশ করেন এবং পত্র-পত্রিকায় আকর্ষণীয় বিজ্ঞাপন দিতে থাকেন।

সাহায্যকারী এ বইকে ছাত্র-ছাত্রীরা একমাত্র সিলেবাস হিসেবে পড়তে শুরু করেছেন। কিন্তু বাঁধ সাধলেন "পুস্তক প্রকাশনা সমিতি"। উক্ত টেস্ট পেপারের একচেটিয়া ব্যবসার ফলে বাজারের প্রচলিত অন্যান্য গাইডসহ মাধ্যমিক স্তরের সব ধধরনের বাইরের চাহিদা হ্রাস পেতে থাকে। বই ব্যবসায়ীরা আন্দোলন শুরু করেন উক্ত নমুনা প্রশ্নকে সরকারীভাবে অস্বীকৃতি প্রদানের জন্যে। এবং টেকস্টবুকের বিরাট অংকের 'রয়েলিটি' হাতছাড়া হওয়ার হুঁশিয়ারি উচ্চারণ করেন। ফলশ্রুতিতে ৮-১২-৯১ তারিখে অনেকটা চাপের মুখে উক্ত টেস্ট পেপারের বিক্রি বন্ধ করে দেয়া হয়।

বর্তমান এসএসসি পরীক্ষার্থীদের ভাল ফলাফলের দিকে উর্ধ্বতন কর্তৃপক্ষ যাতে তীক্ষ্ণ দৃষ্টি রাখেন এবং জারিকৃত ননমুনা প্রশ্নকে যাতে কোনক্রমেই বাতিল ঘোষণা করা না হয়; অন্ততঃ এ বছরের জন্যে হলেও যেন এ ব্যবস্থা চালু থাকে।

—মোজাম্মেল হক উকিল